অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/17/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর অ্যান্ড্রু কুওমো নিউ ইয়র্কবাসীদের মনে করিয়ে দিচ্ছেন এখন ফ্লু শট নেয়ার সময়

আপনার কাছাকাছি ফ্লু শট পেতে পারেন এমন স্থানগুলো সন্ধান করুন এখানে

মুদ্রণ এবং প্রদর্শনের জন্য ফ্লু শিক্ষামূলক উপকরণ এখানে পাওয়া যাবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ সকল নিউ ইয়র্কবাসীকে আসন্ন ফ্লু মৌসুমের প্রস্তুতিতে একটি ফ্লু শট নিতে মনে করিয়ে দিয়েছেন, যেটি সাধারণত অক্টোবরে শুরু হয়ে মে মাস পর্যন্ত চলে। 2018-19 ফ্লু মৌসুমে, স্টেটে 18,768টি ফ্লু সম্পর্কিত ভর্তি হয়েছিল এবং ছয়টি শিশুর মৃত্যু হয়েছিল। গভর্নর শুক্রবার তার ফ্লু শট নিয়েছেন।

"এই স্টেটের প্রতিটি কোণায় ফ্লু প্রভাব ফেলে এবং প্রতি বছর আমরা নিউ ইয়র্কবাসীদের মনে করিয়ে দিই যে একটি ফ্লু শট নেয়াই হচ্ছে ভাইরাসের বিরুদ্ধে তাদের সেরা সুরক্ষা", **গভর্নর কুওমো বলেন।** "আমি সবাইকে টিকা নিতে এবং তাদের প্রিয়জনদের ফ্লু শট নিতে, বিশেষ করে বয়স্ক, ছোট শিশু এবং গর্ভবতী মহিলাদের সহায়তা করার জন্য অনুরোধ করছি।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য দপ্তর (Department of Health) সুপারিশ করেছে যে ছয় মাসের বেশি বয়সের প্রত্যেকে আসন্ন ফ্লু মৌসুমে নিজেকে এবং অন্যদের সুরক্ষার জন্য যাতে ফ্লু টিকা নেয়। 65 বছর বা তার বেশি বয়স্ক প্রাপ্তবয়স্ক, নির্দিষ্ট কিছু দীর্ঘস্থায়ী অসুস্থতায় ভোগা ব্যক্তি, ছোট বাচ্চা এবং গর্ভবতী মহিলাদের মধ্যে মারাত্মক ফ্লু জটিলতার ঝুঁকি রয়েছে, যেটির জন্য হাসপাতালে ভর্তির প্রয়োজন হতে পারে এবং মৃত্যুর কারণ হতে পারে। যেহেতু ফ্লু ভাইরাস কাশি বা হাঁচির মাধ্যমে ছড়িয়ে পড়তে পারে, তাই পরিবারের সদস্য এবং যারা উচ্চ ঝুঁকির ব্যক্তির সাথে নিয়মিত যোগাযোগ করেন তাদের জন্য টিকা নেয়া বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

স্বাস্থ্য কমিশনার ডাঃ হাওয়ার্ড জুকের বলেন, "একটি ফ্লু শট নিতে মাত্র কয়েক মিনিট লাগে এবং পরিবারের সদস্য, বন্ধু এবং সহকর্মীরা মধ্যে ফ্লু বিস্তার প্রতিরোধে সাহায্য করার জন্য এটিই সবচেয়ে ভাল উপায়। টিকা নিরাপদ এবং কার্যকর এবং আপনি উচ্চ ঝুঁকিতে না থাকলেও, সকল নিউ ইয়র্কবাসীদের জন্য টিকা নেয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

গত চার বছরে নিউ ইয়র্ক স্টেটে সর্বমোট 25টি শিশুর ফ্লু সংক্রান্ত মৃত্যু হয়েছে এবং হাসপাতালে প্রতি বছর গড়ে 16,018টি ফ্লু বিষয়ক ভর্তি হয়। 2017-2018-র ভয়ানক ফ্লু মৌসুমে, জানুয়ারি

2018 সালে গভর্নর কুওমো ফার্মাসিস্টদেরকে 2 থেকে 18 বছর বয়সী শিশুদেরকে ফ্লু টিকা দেয়ার অনুমতি প্রদান করে একটি নির্বাহী আদেশে স্বাক্ষর করেন। পরবর্তীতে গভর্নর বিধিবদ্ধ করে এই আদেশটিকে আইনে পরিণত করেন। 2018-2019 ফ্লু মৌসুমে 18-র চেয়ে কম বয়সী শিশুদেরকে ফার্মাসিস্টরা 31,000-র বেশি ফ্লু শট দিয়েছিলেন।

নিউ ইয়র্ক স্টেট ফ্লু ট্র্যাকারে (New York State Flu Tracker) ইনফ্লুয়েঞ্জা সক্রিয়তা ডেটা পাওয়া যায়। ফ্লু ট্র্যাকার নিউ ইয়র্ক স্টেট হেলথ কানেক্টর (New York State Health Connector) -এর একটি ড্যাশবোর্ডযেটি স্থানীয়, আঞ্চলিক এবং স্টেট জুড়ে ইনফ্লুয়েঞ্জার সক্রিয়তা সম্পর্কে সময়োপযোগী তথ্য প্রদান করে। 2019-2020 ফ্লু সিজনের প্রথম রিপোর্ট আজকে আরও পরে প্রকাশ করা হবে। আপনি কিভাবে নিউ ইয়র্ক স্টেট ফ্লু ট্র্যাকার ব্যবহার করতে পারেন তার একটি ভিডিও প্রদর্শনীর জন্য এখানে ক্লিক করুন।

গভর্নর কুওমোর নির্দেশিকা অনুসরণ করে, কলোনির বেলট্রন লিভিং সেন্টারের (Beltrone Living Center) ডঃ জুকের এবং নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য এজিং-এর (New York State Office for the Aging) ভারপ্রাপ্ত পরিচালক গ্রেগ ওলসেন, তাদের ফ্লু শট নিয়েছেন এবং টিকা নেয়ার গুরুত্ব সম্পর্কে বয়স্কদের সাথে কথা বলেন। ছবি দেখুন এখানে।

অফিস ফর দ্য এজিং এর ভারপ্রাপ্ত পরিচালক গ্রেগ ওলসেন বলেন, "উদাহরণ প্রদানের মাধ্যমে বার্ষিক ফ্লু শট নেয়ার ঘটনায় আমি গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই। সকল নিউ ইয়র্কবাসী, বিশেষত বয়স্কদের জন্য, ফ্লু এর বিরুদ্ধে টিকা দেওয়া খুবই জরুরী। বয়স হবার সাথে সাথে আমাদের রোগ প্রতিরোধ ব্যবস্থা দূর্বল হতে থাকে, এবং আমাদের বয়স্করা, বিশেষত যারা দীর্ঘস্থায়ী অসুস্থতায় ভুগছেন, তারা ফ্লু থেকে গুরুতর জটিলতায় আক্রান্ত হবার বেশি ঝুঁকিতে রয়েছেন। ফ্লু টিকা গ্রহণ ভাইরাসটি ছড়িয়ে যাওয়া ঠেকাতে সাহায্য করে এবং বয়স্ক ও কেয়ারগিভারদের জন্য গুরুত্বপূর্ণ সুরক্ষা প্রদান করে, যা প্রথম সার্টিফাইড বয়স্ক-বান্ধব স্টেট হিসেবে সবচেয়ে স্বাস্থকর স্টেট হওয়ার দিকে আমাদের চলমান প্রচেষ্টাকে সাহায্য করবে।"

রোগ নিয়ন্ত্রণ ও নিরাময় কেন্দ্র (Centers for Disease Control and Prevention)-এর মতে, 65 বছরের বেশি বয়স্কদের অতিরিক্ত সাবধানতা অবলম্বন করতে হবে:

- এন্টিভাইরাল ড্রাগের চিকিৎসা প্রয়োজন কি না তা দেখতে আগাম মেডিকেল পরামর্শ নিন। আগাম দেওয়া হলে এই ঔষধগুলো সবচেয়ে কার্যকর হয়।
- একটি নিউমোকককাল (Pneumococcal) ভ্যাকসিন নিন। যাদের বয়স 65 বছর বা তার বেশি এবং ফ্লু হয়েছে, তাদের নিউমোনিয়া হবার ঝুঁকি বেশি।
- ফ্লু শট নেয়ার পাশাপাশি সকল নিউ ইয়র্কবাসীকে হাতের সঠিক পরিচ্ছন্নতা অনুশীলনের কথা মনে করিয়ে দেওয়া হচ্ছে।
- নিজেকে জীবাণুর হাত থেকে সুরক্ষিত রাখতে এবং অন্যদের মধ্যে সংক্রমণ না করতে বার বার সাবান ও গরম পানি দিয়ে কমপক্ষে 20 সেকেন্ডের জন্য হাত ধোন।

- যেখানে সাবান ও পানি পাওয়া যাবে না সেখানে অ্যালকোহোল-ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার সাথে রাখুন। অন্তত 60 শতাংশ অ্যালকোহল রয়েছে এমন কোনো পণ্য বেছে নিন।
- আপনার হাতে হাঁচি বা কাশি দিবেন না। বরং, আপনার মুখ এবং নাক একটি টিস্যু দিয়ে ঢাকুন।

ইনফ্লুয়েঞ্জা সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য পরিদর্শন করুন:
http://www.health.ny.gov/diseases/communicable/influenza/seasonal/।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন